আঞ্চলিক পাসপোর্ট অফিস,লালমনিরহাটের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

(Overview of the Performance of Regional Passport Office,Lalmonirhat.)

(Department of Immigration and Passports)

সাম্প্রতিক বছরের (০৩/১২/২০১৪ হইতে) প্রধান অর্জনসমূহ ঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষিত ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে গৃহিত বিভিন্ন প্রকল্পের মধ্যে মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এন্ড মেশিন রিডেবল ভিসা (এমআরভি) প্রকল্প অন্যতম। জেলাওয়ারী জনগণের দ্বারগোড়ায় এমআরপি পাসপোর্ট পৌছে দেয়ার লক্ষ্যে নবসৃষ্ট আঞ্চলিক পাসপোর্ট অফিস, লালমনিরহাটের এমআরপি কার্যক্রম গত ০৩/১২/২০১৪ খ্রিঃ তারিখে বাড়ি নং-১৯, রোড নং-০৫, স্টেডিয়াম পাড়া, লালমনিরহাটে শুরু হয়। বর্তমানে লালমনিরহাট জেলায় বসবাসরত বাংলাদেশী নাগরিকদের পাসপোর্ট সম্পর্কিত যাবতীয় সেবা আঞ্চলিক পাসপোর্ট অফিস, লালমনিরহাটথেকে প্রদান করা হচ্ছে। অত্র অফিসের কর্মকর্ত/কর্মচারীগণ ইতোমধ্যে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর কর্তৃক প্রদত্ত প্রয়োজনীয় প্রশিক্ষন নিয়ে এমআরপি কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করছে। পাসপোর্ট প্রত্যাশীদের সুবিধার্থে অফিস প্রাঙ্গনের বিভিন্ন স্থানে তথ্য নির্দেশিকা টানানো হয়েছে যাতে একজন আবেদনকারী খুব সহজেই পাসপোর্ট করার জন্য প্রয়োজনীয় তথ্য পেতে পারেন। একইসাথে প্রতি বুধবার গণশুনানির আয়োজন করে আবেদনকারীদের বিভিন্ন সমস্যার সমাধান করা হচ্ছে। আঞ্চলিক পাসপোর্ট অফিস, লালমনিরহাটের কার্যক্রম শুরু করার পর থেকে ৩০/০৬/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ২২৬৭২ টি এমআরপি ইস্যু করা হয়।

আঞ্চলিক পাসপোর্ট অফিস, লালমনিরহাটের চ্যালেঞ্জসমূহ ঃ

- পাসপোর্ট সেবার মান আরও বৃদ্ধি করে জনগনের ভোগান্তি পুরোপুরি লাঘব করা;
- অনলাইন আবেদনে পাসপোর্ট প্রত্যাশীদের উৎসাহিত করা;
- অনলাইন ব্যাংক-এ পাসপোর্ট ফিস জমা করার জন্য পাসপোর্ট প্রত্যাশীদের উৎসাহিত করা।
- সেবার মান বৃদ্ধির লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রমের অন্তর্ভূক্তিকরণ;
- সঠিক তথ্য প্রদান করার মাধ্যমে পাসপোর্ট প্রত্যাশীদের সচেতন করা।